

বাংলাদেশ নৌবাহিনীর ভলিবল প্রতিযোগিতা সমাপ্ত

বাংলাদেশ নৌবাহিনীর আন্তঃঘাঁটি ভলিবল প্রতিযোগিতা-২০১৮ বুধবার (১৮-০৪-২০১৮) খুলনাস্থ নৌবাহিনী ঘাঁটি বানোজা তিতুমীর ক্রীড়া কমপ্লেক্স মাঠে সমাপ্ত হয়। খুলনাস্থ নৌবাহিনী ঘাঁটি তিতুমীরের সার্বিক ব্যবস্থাপনায় গত ১১ এপ্রিল ২০১৮ তারিখে এ প্রতিযোগিতা শুরু হয়। প্রতিযোগিতায় ঢাকা, চট্টগ্রাম ও খুলনা নৌ অঞ্চলের বিভিন্ন জাহাজ ও ঘাঁটির মোট ০৯টি দল অংশগ্রহণ করে। রাউন্ড রবীন লীগ পদ্ধতিতে অনুষ্ঠিত এ প্রতিযোগিতার সমাপনী দিনে বানোজা ঈসা খান ও বানোজা তিতুমীর দলের মধ্যে চূড়ান্ত খেলা অনুষ্ঠিত হয়। তন্মধ্যে, নৌবাহিনী ঘাঁটি বানোজা তিতুমীর দল ৩-০ সেটের ব্যবধানে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। বিজয়ী দলের রিয়াজ হাওলাদার, পিএম-১ প্রতিযোগিতায় শ্রেষ্ঠ খেলোয়ার নির্বাচিত হন।



কমডোর কমান্ডিং খুলনা কমডোর সামসুল আলম বুধবার (১৮-০৪-২০১৮) খুলনাস্থ নৌঘাঁটি বানোজা তিতুমীর ক্রীড়া কমপ্লেক্সে অনুষ্ঠিত নৌবাহিনীর আন্তঃঘাঁটি ভলিবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলের মাঝে পুরস্কার বিতরণ করেন।
ছবি- আইএসপিআর।

সমাপনী দিনে কমডোর কমান্ডিং খুলনা কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চূড়ান্ত খেলা উপভোগ করেন এবং চ্যাম্পিয়ন ও রানার আপ দলের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে স্থানীয় উর্ধ্বতন নৌ কর্মকর্তাগণ ও বিপুল সংখ্যক নৌ সদস্যসহ ঘাঁটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।